ডা. জাফরুল্লাহর অবস্থা সংকটাপন্ন

গণস্বাস্থ্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা এবং ট্রাস্টি করোনা ভাইরাস আক্রান্ত ডা. জাফরুল্লাহ চৌধুরীর শারীরিক অবস্থা সংকটাপন্ন। তার ফুসফুসে সংক্রমণ দেখা দিয়েছে। তাকে অক্সিজেন দেওয়া হচ্ছে। সোমবার (০৮ জুন) দুপুরে গণস্বাস্থ্য কেন্দ্রের জনসংযোগ কর্মকর্তা ফরহাদ হোসেন বিষয়টি জানান।

তিনি বলেন, বর্তমানে জাফরুল্লাহ স্যারের ফুসফুসে সংক্রমণ দেখা দিয়েছে। এ জন্য তাকে সার্বক্ষণিক অক্সিজেন দেওয়া হচ্ছে। একইসঙ্গে তাকে অ্যান্টিবায়োটিক ওষুধ দেওয়া হয়েছে। খাওয়া-দাওয়ার পরিমাণ কিছুটা কমে গেছে। ডাক্তার বলছেন তিনি এখনও পুরোপুরি ঝুঁকিমুক্ত নন।

আগে সপ্তাহে তিনদিন জাফরুল্লাহ স্যারের ডায়ালাইসিস করা হলেও পরিস্থিতি সাপেক্ষে উনার চিকিৎসক বর্তমানে প্রতিদিন ডায়ালাইসিস করার সিদ্ধান্ত নিয়েছেন।

অপরদিকে, গণস্বাস্থ্য মেডিক্যাল কলেজের উপাধ্যক্ষ ডা. মুহিব উল্লাহ খোন্দকার এ বিষয়ে খুদে বার্তায় বলেন, জাফর ভাইয়ের শারীরিক অবস্থা ক্রিটিক্যাল। তবে তিনি সচেতন এবং স্থিতিশীল রয়েছেন। বর্তমানে তাকে ভয়েস রেস্টে রাখা হয়েছে।